# যোগাযোগ

ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা অ্যালামনাই অ্যাসোসিয়েশন নিউজলেটার

১ম বর্ষ | ১ম সংখ্যা | ২ মার্চ ২০১২ | ১৯ ফাল্গুন ১৪১৮



অ্যাসোসিয়েশনের ৩য় বার্ষিক সাধারণ সভা ও প্রীতি সম্মিলন ২০১১ উদ্বোধন করছেন অনুষ্ঠানের প্রধান অতিথি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিল্পমন্ত্রী দিলীপ বড়ুয়া



## দুটি কথা

অপরিমেয় সম্ভাবনার দেশ আমাদের প্রিয় মাতৃভূমি। মুক্তিযুদ্ধের মাধ্যমে এই উপমহাদেশে একমাত্র জাতি হিসেবে মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে এই দেশ। মার্চের শুভক্ষণে আজকে তাই শ্রদ্ধায় অবনত আমাদের হৃদয়-মন লক্ষ শহীদের প্রতি।

গণযোগাযোগ ও সাংবাদিকতা অ্যালামনাই অ্যাসোসিয়েশন নতুন পথচলা শুরু করেছে, ক্রমযাত্রায় মাত্র দ্বিতীয় বারের মতো নির্বাহী পরিষদ গঠিত হয়েছে। ইতোমধ্যে নির্বাহী পরিষদের বিভিন্ন সভায় কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তন্মধ্যে উল্লেখযোগ্য হলো এ বছরই আমরা গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন করবো। ব্যাপক কর্মসূচি হাতে নেয়া হবে সুবর্ণজয়ন্তী ঘিরে।

প্রাক্তন অর্থমন্ত্রী শাহ এ এম এস কিবরিয়া ফাউন্ডেশনের পক্ষ থেকে ১৭ ফেব্রুয়ারি ২০১২ অ্যাসোসিয়েশনকে দেড় লক্ষ টাকার চেক প্রদান করা হয়েছে। ইংরেজি নববর্ষে নির্বাহী পরিষদের সদস্য ও তাঁদের স্বামী/স্ত্রীদের নিয়ে একটি পুনর্মিলনী অনুষ্ঠিত হয়েছে। ২ মার্চ ২০১২ অ্যাসোসিয়েশনের সদস্য, বিভাগের প্রাক্তন শিক্ষার্থী ও তাঁদের পরিবারের সদস্যদের নিয়ে প্রীতি সম্মিলন অনুষ্ঠিত হচ্ছে এবং একটি নিউজ লেটার প্রকাশিত হচ্ছে। আমরা খুব শীঘ্রই একটি ডাইরেক্টরি প্রকাশ করব যাতে অ্যাসোসিয়েশনের সকল সদস্যের নাম-ঠিকানা ও ছবিসহ পরিচিতি থাকবে। এতে এই সংগঠনের অন্যতম উদ্দেশ্য- আমাদের মধ্যে আন্তঃসম্পর্ক বৃদ্ধি পাবে। আমাদের সকলেরই ব্যক্তি জীবন অত্যন্ত ব্যস্ত, তারপরও যাঁরা এই ব্যস্ততার মধ্যেও কিছুটা সময় অ্যাসোসিয়েশনের কাজে দিয়ে থাকেন তাঁদের প্রতি আমাদের সশ্রদ্ধ কৃতজ্ঞতা। আশাকরি সকলের সহযোগিতা ও কর্মতৎপরতা এই সংগঠনের কার্যক্রমকে আরো প্রসারিত ও ফলপ্রসূ করবে। সকলের মঙ্গল কামনা করছি।

**মো: গোলাম রহমান**
সভাপতি
ঢাবি এমসিজে অ্যালামনাই অ্যাসোসিয়েশন



## শুভেচ্ছা বাণী

গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের প্রাক্তন শিক্ষার্থীদের ঐক্যবদ্ধ প্রচেষ্টায় গড়ে ওঠা ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা অ্যালামনাই অ্যাসোসিয়েশন ইতোমধ্যেই তার বিভিন্ন কর্মকাণ্ডের মাধ্যমে একটি শক্তিশালী সংগঠন হিসেবে পরিচিত লাভ করেছে।

আমি জেনে অত্যন্ত আনন্দিত যে, অ্যাসোসিয়েশনের বিভিন্ন গঠনমূলক কর্মকাণ্ডের ধারাবাহিকতায় *যোগাযোগ* নামে একটি নিউজলেটার প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং এবারের প্রীতি-সম্মিলনিতে এর প্রথম সংখ্যা প্রকাশিত হচ্ছে। আমি আশা করি *যোগাযোগ* নিয়মিতভাবে প্রকাশিত হবে।

আমি এই অ্যাসোসিয়েশনের গঠনমূলক সকল উদ্যোগের সার্বিক সাফল্য কামনা করি।

**অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক**
উপাচার্য
ঢাকা বিশ্ববিদ্যালয়




অ্যাসোসিয়েশনের ৩য় বার্ষিক সাধারণ সভার অতিথি ও কর্মকতাবৃন্দ: বাঁ থেকে বিশেষ অতিথি বিচারপতি গোবিন্দ চন্দ্র ঠাকুর, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারপার্সন গীতি আরা নাসরিন, প্রধান অতিথি শিল্পমন্ত্রী দিলীপ বড়ুয়া, গেস্ট অব অনার শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, এমপি, ঢাবি উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, অ্যাসোসিয়েশনের সভাপতি অধ্যাপক ড. শেখ আবদুস সালাম, পিএসসি'র সদস্য মুহাম্মদ লিয়াকত আলী খান, এনডিসি এবং অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক সাবেক জেলা ও দায়রা জজ মো: সামসুল হক।




ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ স ম আরেফিন সিদ্দিককে হত্যা হুমকির প্রতিবাদে বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে অ্যাসোসিয়েশনের উদ্যোগে আয়োজিত র‍্যালিপূর্ব সমাবেশ



একুশে ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে শ্রদ্ধাঞ্জলি



অ্যাসোসিয়েশনের নবনির্বাচিত নির্বাহী পরিষদের দায়িত্ব গ্রহণ



অ্যাসোসিয়েশনের নবনির্বাচিত নির্বাহী পরিষদের দায়িত্ব গ্রহণ



অ্যাসোসিয়েশনের প্রধান পৃষ্ঠপোষক অধ্যাপক ড. আ আ স ম আরেফিন সিদ্দিক এর সাথে নবনির্বাচিত নির্বাহী পরিষদের সদস্যবৃন্দের সৌজন্য সাক্ষাৎ




ঢাবি সিনেট ভবনে অ্যাসোসিয়েশন আয়োজিত ৯ম জাতীয় সংসদ নির্বাচত ও আমাদের গণমাধ্যম শীর্ষক গোলটেবিল আলোচনায় প্রধান অতিথি ছিলেন সাবেক প্রধান নির্বাচন কমিশনার ড. এ টি এম শামসুল হুদা



১ জানুয়ারি ২০১২ আয়োজিত অনুষ্ঠানের একাংশ



১ জানুয়ারি ২০১২ আয়োজিত অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখছেন অ্যাসোসিয়েশনের সভাপতি অধ্যাপক ড. গোলাম রহমান। পাশে অন্যতম সহ-সভাপতি কাজী রওনাক হোসেন ও সাধারণ সম্পাদক স্বপন কুমার দাস।



১ জানুয়ারি ২০১২ অ্যাসোসিয়েশন আয়োজিত অনুষ্ঠানে সফররত মার্কিন যুক্তরাষ্ট্রের কয়েকজন শিক্ষার্থী



১ জানুয়ারি ২০১২ অ্যাসোসিয়েশন আয়োজিত অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সহধর্মিনী মিসেস মিরানা সুলতানা



## সাধারণ সম্পাদকের কথা

আমরা ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সদস্যরা জীবিকার প্রয়োজনে ভিন্ন ভিন্ন পেশায় নিয়োজিত। কিন্তু আমাদের হৃদয়ের গভীরে প্রোথিত রয়েছে সাংবাদিক মানস যা আমাদের দৃষ্টিভঙ্গী, পর্যবেক্ষণ ক্ষমতা ও সাংবাদিক হিসেবে প্রকাশ করার প্রেরণা। অ্যালামনাই অ্যাসোসিয়েশন থেকে *যোগাযোগ* নামে এই নিউজলেটার প্রকাশের উদ্যোগ তারাই বহিঃপ্রকাশ। আশা করবো আমাদের সকলের মনের এই ক্ষীণ স্রোতধারা একদিন সংশ্লিষ্ট সকলের চিত্তকে প্রসারিত করবে, উন্মোচিত করবে অনেক হারিয়ে যাওয়া অধ্যায়কে। কাজ করবে তথ্য বিনিময় ও যোগাযোগের এক সেতুবন্ধ হিসেবে।

*যোগাযোগ* আমাদের সম্মিলিত প্রয়াস, একে উত্তরোত্তর সমৃদ্ধ করার দায়িত্বও আমাদের সকলের।

**স্বপন কুমার দাস**
সাধারণ সম্পাদক
ঢাবি এমসিজে অ্যালামনাই অ্যাসোসিয়েশন

## সম্মানিত হলেন শারমীন রিনভী



অ্যাসোসিয়েশনের সদস্য ও বাংলাভিশনের বার্তা সম্পাদক শারমীন রিনভী সম্প্রতি ইউনিসেফ এর মীনা মিডিয়া এওয়ার্ড ২০১১ এবং ইউনেস্কো ক্লাব ও জার্নালিজম এওয়ার্ড ২০১১ পেয়েছেন। মীনা এওয়ার্ডের প্রাইজমানি হিসেবে তাঁকে ৫০ হাজার টাকা দেয়া হয়। তিনি ২০১১ সালে শিশুদের উপর টিভি রিপোর্টিং বেস্ট রিপোর্ট হিসেবে এই পুরস্কার পান। অন্যদিকে ২০১১ সালে সাংবাদিকতায় উল্লেখযোগ্য অবদান রাখায় তাঁকে ইউনেস্কো ক্লাব জার্নালিজম এওয়ার্ড দেয়া হয়।

২০০৯ সালে ইউনেস্কো বাংলাদেশ জার্নালিজম এওয়ার্ড, ফুড সিকিউরিটি নিয়ে বিশ্ব খাদ্য সংস্থা এওয়ার্ড, অনুসন্ধানী রিপোর্টের জন্য ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ টিআইবি এওয়ার্ড এবং বেস্ট ইকোনমিক রিপোর্টের জন্য ইআরএফ এওয়ার্ড পান। এই এওয়ার্ড-গুলোর প্রাইজমানি ছিলো ৫০ হাজার থেকে ১ লাখ টাকার মধ্যে। এর আগেও তিনি এ ধরনের আরো পুরস্কার পেয়েছেন।



## সম্মানিত হলেন ড. তপন বাগচী

অ্যাসোসিয়েশনের সদস্য ও বাংলা একাডেমীর উপপরিচালক ড. তপন বাগচী সংস্কৃতি মন্ত্রণালয় ও যশোর জেলা প্রশাসন প্রবর্তিত মহাকবি মধুসূদন জাতীয় পদক এবং কলকাতার নতুন গতি সাহিত্য পুরস্কার পেয়েছেন।

কবি-প্রাবন্ধিক ড. তপন বাগচী তাঁর পিএইচডি অভিসন্দর্ভের উপর ভিত্তি করে রচিত *বাংলাদেশের যাত্রাগান: গণমাধ্যম ও সামাজিক পরিপ্রেক্ষিত* গ্রন্থের জন্য মহাকবি মধুসূদন জাতীয় পদক লাভ করেন। যশোরের সাগরদাঁড়িতে ২৭ জানুয়ারি ২০১২ মধুমেলার সমাপনী অনুষ্ঠানে এই পুরস্কারের ৫০ হাজার টাকা, ১ ভরি ওজনের স্বর্ণপদক ও ক্রেস্ট তুলে দেন যোগাযোগ মন্ত্রী ওবায়দুল কাদের, এমপি।

গত ১৮ ডিসেম্বর ২০১১ কলকাতার মুসলিম ইনস্টিটিউটে এক অনুষ্ঠানে তাঁকে কবিতার জন্য নতুন গতি সাহিত্য পুরস্কার প্রদান করা হয়। পুরস্কার হিসেবে দেয়া হয় ১০ হাজার রুপি ও একটি মানপত্র।

এছাড়া তিনি মুনীর চৌধুরী সাহিত্য পুরস্কার, নটসম্রাট অমলেন্দু বিশ্বাস স্মৃতিপদক, জেমকন সাহিত্য পুরস্কার, মহাদিগন্ত সাহিত্য পুরস্কার (কলকাতা) ও এম নূরুল কাদের শিশুসাহিত্য পুরস্কার লাভ করেছেন। তাঁর প্রকাশিত গ্রন্থের সংখ্যা পঞ্চাশ।

## ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা অ্যালামনাই অ্যাসোসিয়েশনের নির্বাহী পরিষদ (২০১১-১৩)

**সভাপতি**
ড. মো: গোলাম রহমান

**সহসভাপতি**
এম খায়রুল কবীর
শাহিদা আলম
মো: আলমগীর হোসেন
কাজী রওনাক হোসেন
মো: মফিজুর রহমান

**সাধারণ সম্পাদক**
স্বপন কুমার দাস

**যুগ্ম-সাধারণ সম্পাদক**
কাজী মোয়াজ্জেম হোসেন
পারভীন সুলতানা (ঝুমা)
এ টি এম [illegible] কামাল
ড. এম কামাল [illegible]
মীর আত্তাকী মা[illegible]জামান (রনি)

**সহকারী সাধারণ সম্পাদক**
মো: গিয়াসউদ্দিন আহমেদ
তারিকুল ইসলাম খান (রবিন)
মীর মোশারেফ হোসেন (রাজীব)

**সাংগঠনিক সম্পাদক**
আহমেদ পিপুল

**প্রকাশনা সম্পাদক**
মনোরঞ্জন মন্ডল (মনোজ)

**দপ্তর সম্পাদক**
অলিউর রহমান

**সাংস্কৃতিক সম্পাদক**
সাবরিনা সুলতানা চৌধুরী

**যোগাযোগ সম্পাদক**
সুজন মাহমুদ

**কোষাধ্যক্ষ**
মুনসী শামস উদ্দিন আহম্মদ (লিটন)

**নির্বাহী সদস্য**
ড. শেখ আবদুস সালাম
মোঃ শামসুল হক
মোঃ মনোয়ার হোসেন
অ্যাডভোকেট অঞ্জন কুমার বনিক
এ এস এম বজলুল হক
মির্জা তারেকুল কাদের
নার্গিস বেগম (মিনি)
ভানু রঞ্জন চক্রবর্তী
জুনায়েদ আহমদ হালিম
মোঃ নজরুল ইসলাম
এ জেড এম সাজ্জাদ হোসেন (সবুজ)
রোবায়েত ফেরদৌস
মোহাম্মদ শাহাবুদ্দীন
মিনহাজউদ্দিন শেখ (শামীম)
কে এম সাখাওয়াত মুন
মাহমুদা খানম কাকলী
আনোয়ার হোসেন মজুমদার
শারমিন ইফফাত শামস
সাইফুল হক
মোঃ মাজেদুল হাসান

*সম্পাদনায়:* মনোরঞ্জন মণ্ডল (মনোজ)। *ছবি:* আনোয়ার হোসেন মজুমদার, *সহযোগিতায়:* তরিকুল ইসলাম খান(রবিন)। *মুদ্রণ:* মমিন অফসেট প্রেস, ঢাকা